**আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)**
**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।**
**ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২**
www.ispr.gov.bd

ISPR
INTER SERVICES PUBLIC RELATIONS
আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর

# সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৬.১৯.০০১.২৬ তারিখ: ২৩-০২-২০২৬

## সশস্ত্র বাহিনী বিভাগের নতুন প্রিন্সিপাল স্টাফ অফিসারের দায়িত্বভার গ্রহণ

ঢাকা, ২৩ ফেব্রুয়ারি : লেফটেন্যান্ট জেনারেল মীর মুশফিকুর রহমান, বিএসপি, এসইউপি, এনডিসি, পিএসসি আজ হতে সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার (পিএসও) হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। আজ সোমবার (২৩-২-২০২৬) সশস্ত্র বাহিনী বিভাগে মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমান নব নিযুক্ত প্রিন্সিপাল স্টাফ অফিসারকে লেফটেন্যান্ট জেনারেল র‍্যাংক ব্যাজ পরিয়ে দেন। এসময় সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, এসবিপি, ওএসপি, এসজিপি, পিএসসি ও নৌবাহিনী প্রধান এডমিরাল এম নাজমুল হাসান, ওএসপি, এনপিপি, এনডিসি, এনসিসি, পিএসসি ও বিমান বাহিনী প্রধান এয়ার চীফ মার্শাল হাসান মাহমুদ খাঁন, বিবিপি, ওএসপি, জিইউপি, এনএসডব্লিউসি, পিএসসি উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, লেফটেন্যান্ট জেনারেল মীর মুশফিকুর রহমান ২১ জুন ১৯৯১ সালে বাংলাদেশ সেনাবাহিনীতে কোর অব ইনফেনট্রিতে কমিশন লাভ করেন। তিনি ২৪ ডিভিশনের জিওসি, সামরিক সচিব ও মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরসহ সেনাবাহিনীতে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্বে নিয়োজিত ছিলেন।

মোহাম্মদ রেজা উল-করিম শাম্মী
সহকারী পরিচালক
পরিচালকের পক্ষে
মোবাঃ ০১৭৬৯০১৭১৯২